# ছন্দোমঞ্জরী

## আচার্য গঙ্গাদাস বিরচিত

**ছন্দ**—ছদ্-ধাতু থেকে উৎপন্ন ছন্দ-শব্দটির অর্থ—যা পাপ থেকে আচ্ছাদন করে। মতান্তরে শব্দটি চন্দ্-ধাতু থেকে উৎপন্ন এবং তার অর্থ—যা আনন্দিত বা আহ্লাদিত করে।

**পদ্য**—পদ্যের লক্ষণনির্দেশ প্রসঙ্গে আচার্য গঙ্গাদাস তাঁর ছন্দোমঞ্জরী গ্রন্থে বলেছেন—"পদ্যং চতুষ্পদী"। অর্থাৎ, চারটি পদ বা চরণে বিভক্ত ছন্দোবদ্ধ রচনাকেই পদ্য বলা হয়।

**পদ্যবিভাগ**—পদ্যবিভাগ প্রসঙ্গে আচার্য গঙ্গাদাস তাঁর ছন্দোমঞ্জরী গ্রন্থে বলেছেন—"তচ্চ বৃত্তং জাতিরিতি দ্বিধা।" অর্থাৎ পদ্য দুপ্রকার—বৃত্তচ্ছন্দে রচিত ও জাতিচ্ছন্দে রচিত।

**বৃত্তচ্ছন্দ**—বৃত্তচ্ছন্দের লক্ষণনির্দেশ প্রসঙ্গে আচার্য গঙ্গাদাস তাঁর ছন্দোমঞ্জরী গ্রন্থে বলেছেন—"বৃত্তমক্ষরসংখ্যাতম্"। অর্থাৎ পদ্যের চরণের অক্ষরের (স্বরবর্ণের) সংখ্যাগণনার (তথা গণসজ্জার) দ্বারা যে ছন্দ নিরূপিত হয়, তাকে বৃত্তচ্ছন্দ বলা হয়।

বৃত্তচ্ছন্দ তথা বৃত্তপদ্য আবার তিন শ্রেণীতে বিভক্ত—সমবৃত্ত, অর্ধসমবৃত্ত ও বিষমবৃত্ত।

**সমবৃত্ত**—সমবৃত্তচ্ছন্দের তথা সমবৃত্ত পদ্যের লক্ষণনির্দেশ প্রসঙ্গে আচার্য গঙ্গাদাস তাঁর ছন্দোমঞ্জরী গ্রন্থে বলেছেন—"সমং সমচতুষ্পাদম্"। অর্থাৎ বৃত্তচ্ছন্দে রচিত যে পদ্যের চারটি পদেরই অক্ষরসংখ্যা (এবং সাধারণতঃ গণসজ্জা) পরস্পর সমান, সেই পদ্যের ছন্দকে বলে সমবৃত্তচ্ছন্দ এবং সেই পদ্যকে বলে সমবৃত্ত পদ্য। যেমন—ইন্দ্রবজ্রা ছন্দ ও সেই ছন্দে রচিত পদ্য।

**অর্ধসমবৃত্ত**—অর্ধসমবৃত্ত ছন্দের তথা পদ্যের লক্ষণনির্দেশ প্রসঙ্গে আচার্য গঙ্গাদাস তাঁর ছন্দোমঞ্জরী গ্রন্থে বলেছেন—"ভবত্যর্ধসমং পুনঃ। আদিস্তৃতীয়বদ্ যস্য পাদস্তুর্যো দ্বিতীয়বৎ।।" অর্থাৎ যে ছন্দে রচিত পদ্যের প্রথম চরণ ও তৃতীয় চরণের অক্ষরসংখ্যা (ও গণসজ্জা) পরস্পর সমান ;আবার দ্বিতীয় ও চতুর্থ চরণের অক্ষরসংখ্যা (ও গণসজ্জা) পরস্পর সমান, সেই ছন্দকে অর্ধসমবৃত্ত ছন্দ বলে। এরূপ ছন্দে জোড় ও বিজোড় চরণের অক্ষরসংখ্যা ও গণসজ্জা পরস্পর সমান হয় না। যেমন—সুন্দরী ছন্দ। এরূপ ছন্দে রচিত পদ্যকে অর্ধসমবৃত্ত পদ্য বলে।

**বিষমবৃত্ত**—বিষমবৃত্ত ছন্দের তথা পদ্যের লক্ষণনির্দেশ প্রসঙ্গে আচার্য গঙ্গাদাস তাঁর ছন্দোমঞ্জরী গ্রন্থে বলেছেন—"ভিন্নচিহ্নচতুষ্পাদং বিষমং পরিকীর্তিতম্।" অর্থাৎ যে বৃত্তচ্ছন্দে রচিত পদ্যের চারটি চরণই অক্ষরসংখ্যা ও গণসজ্জার দিক থেকে পরস্পর অসমান, সেই ছন্দকে বিষমবৃত্তচ্ছন্দ বলে। যেমন—উদ্‌গতা ছন্দ। এরূপ ছন্দে রচিত পদ্যকে বিষমবৃত্ত পদ্য বলে।



Scanned by CamScanner

## संक्षिप्तप्रश्नोत्तराणि

१. छन्दोमञ्जरी कीदृशः ग्रन्थः ?

১. ছন্দোমঞ্জরী কীদৃশঃ গ্রন্থঃ ?

उत्तरः छन्दोमञ्जरी छन्दःशास्त्रविषयकः ग्रन्थः ।

উত্তর। ছন্দোমঞ্জরী ছন্দঃশাস্ত্রবিষয়কঃ গ্রন্থঃ।

১. ছন্দোমঞ্জরী কীধরনের গ্রন্থ ?

উত্তর। ছন্দোমঞ্জরী ছন্দঃশাস্ত্রবিষয়ক গ্রন্থ।

२. छन्दोमञ्जरी केन प्रणीता ?

২. ছন্দোমঞ্জরী কেন প্রণীতা ?

उत्तरः छन्दोमञ्जरी गङ्गादासेन प्रणीता।

উত্তর। ছন্দোমঞ্জরী গঙ্গাদাসেন প্রণীতা।

২. ছন্দেমঞ্জরী কে রচনা করেন ?

উত্তর। ছন্দোঞ্জরীর রচয়িতা গঙ্গাদাস।

३. छन्दः शब्दस्य व्युत्पत्तिगतः अर्थः कः ?

৩. ছন্দঃশব্দস্য ব্যুৎপত্তিগতঃ অর্থঃ কঃ ?

उत्तर : "छदि संवरणे" इति धातोः असुन् प्रत्यययोगेन छन्दःशब्दः निष्पन्नः। यत् छादयति तत् छन्दः।

উত্তর। "ছদি সংবরণে" ইতি ধাতোঃ অসুন্ প্রত্যয়যোগেন ছন্দঃ শব্দঃ নিষ্পন্নঃ। যৎ ছাদয়তি তৎ ছন্দঃ।

৩. ছন্দশব্দের ব্যুৎপত্তিগত অর্থ কি ?

উত্তর। "ছদি সংবরণে" এই সংবরণার্থক ছদ্ ধাতুর উত্তর অসুন্ প্রত্যয় যোগে ছন্দঃ শব্দ নিষ্পন্ন হয়। যা আচ্ছাদন করে তা হল ছন্দঃ।

४. वेदेषु छन्दःशब्दस्य कोऽर्थ ?

৪. বেদেষু ছন্দঃশব্দস্য কোঽর্থ ?

उत्तर : 'यदक्षरपरिमाणं तच्छन्दः' इति अनुक्रमणीवचनानुसारेण अक्षरपरिमाणेन यत् निबद्धं तत् छन्दः।

উত্তর। 'যদক্ষরপরিমাণং তছন্দঃ' ইতি অনুক্রমণীবচনানুসারেণ অক্ষরপরিমাণেন যৎ নিবদ্ধং তৎ ছন্দঃ।

৪. বেদে ছন্দশব্দের অর্থ কি ?

উত্তর। অনুক্রমণী ধৃত বচন অনুসারে 'যদক্ষরপরিমাণং তচ্ছন্দঃ' যা অক্ষর সংখ্যার দ্বারা নিবদ্ধ তা হল ছন্দ।

Scanned by CamScanner

५. छन्द:शास्त्रस्य प्राचीनतम: ग्रन्थ:क: ?

৫. ছন্দঃশাস্ত্রস্য প্রাচীনতমঃ গ্রন্থঃ কঃ ?

उत्तर : अधुना उपलभ्यमान: छन्द:शास्त्रस्य प्राचीनतम: ग्रन्थ:— पिङ्गलाचार्यकृतछन्द:सूत्रम्।

উত্তর। অধুনা উপলভ্যমানঃ ছন্দঃশাস্ত্রস্য প্রাচীনতমঃ গ্রন্থঃ—পিঙ্গালাচার্যকৃতছন্দঃসূত্রম্।

৫. ছন্দশাস্ত্রের প্রাচীনতম গ্রন্থ কোনটি ?

উত্তর। বর্তমানে উপলব্ধ ছন্দঃশাস্ত্রের প্রাচীনতম গ্রন্থ হল পিঙ্গালাচার্য রচিত ছন্দঃসূত্রম্।

६. वेदेषु छन्दस: का उपयोगिता ?

৬. বেদেষু ছন্দসঃ কা উপযোগিতা ?

उत्तर : शिक्षाकल्पव्याकरण निरुक्तछन्दोज्योतिषेति षटसु वेदाङ्गेषु छन्द: पञ्चमम्। उक्तं पाणिनीयशिक्षायाम् 'छन्द: पादौ तु वेदस्य' इति। वैदिकमन्त्राणां अक्षरनियमेन धारणकारि हि छन्द:।

উত্তর। শিক্ষাকল্পব্যাকরণ নিরুক্তছন্দোজ্যোতিষেতি ষটসু বেদাঙ্গেষু ছন্দঃ পঞ্চমম্। উক্তং পানিণীয়শিক্ষায়াম্ 'ছন্দঃ পাদৌ তু বেদস্য' ইতি। বৈদিক মন্ত্রাণাং অক্ষরনিয়মেন ধারণকারি হি ছন্দঃ।

৬. বেদসমূহে ছন্দের কি উপযোগিতা ?

উত্তর। শিক্ষাকল্প ব্যাকরনিরুক্তছান্দোজ্যোতিষ এই ছয়টি বেদাঙ্গের মধ্যে ছন্দঃ হল পঞ্চম বেদাঙ্গ। পাণিনীয় শিক্ষায় বলা হয়েছে 'ছন্দঃ পাদৌ তু বেদস্য'। ছন্দ বেদের চরণতুল্য। বেদ-মন্ত্রগুলিকে ছন্দগুলিই ধারণ করে থাকে।

७. वेदेषु छन्दसां ज्ञानं कथम् अपेक्षते ?

৭. বেদেষু ছন্দসাং জ্ঞানং কথম্ অপেক্ষতে ?

उत्तर : वेदमन्त्राणां साधु उच्चारणार्थं तथा सम्यगर्थज्ञानार्थं छन्दसां यथायथं ज्ञानं प्रयोजनीयम् अन्यथा हीन: मन्त्र: महानर्थं साधयेत्।

উত্তর। বেদমন্ত্রাণাং সাধু উচ্চারণার্থং তথা সম্যগর্থজ্ঞানার্থং ছন্দসাং যথাযথং জ্ঞানং প্রয়োজনীয়ম্ অন্যথা হীনঃ মন্ত্রঃ মহানর্থং সাধয়েৎ।

৭. বেদে ছন্দের জ্ঞান অপেক্ষিত কেন ?

উত্তর। বেদ মন্ত্রগুলির যথাযথ উচ্চারণের জন্য এবং যথাযথ অর্থজ্ঞানের জন্য ছন্দের জ্ঞান প্রয়োজনীয়। অন্যথা স্বরতঃ অথবা বর্ণতঃ হীন মন্ত্র মহা অনর্থের কারণ হবে।

८. छन्द:शास्त्रस्य प्राचीनं नाम किम् ?

৮. ছন্দঃশাস্ত্রস্য প্রাচীনং নাম কিম্ ?

उत्तर : छन्द:शास्त्रस्य प्राचीनं नाम 'छन्दोविचिति:' इति।

উত্তর। ছন্দঃশাস্ত্রস্য প্রাচীনং নাম 'ছন্দোবিচিতিঃ' ইতি।

Scanned by CamScanner

৮. ছন্দঃশাস্ত্রের প্রাচীন নাম কি?

উত্তর। ছন্দঃশস্ত্রের প্রাচীন নাম হল "ছন্দোবিচিতিঃ"।

९. वेदेषु कति छन्दांसि उल्लिखितानि?

৯. বেদেষু কতি ছন্দাংসি উল্লিখিতানি?

उत्तर : वेदेषु षड्विंशति छन्दांसि उल्लिखितानि दृश्यन्ते।

উত্তর। বেদেষু ষড়্বিংশতি ছন্দাংসি উল্লিখিতানি দৃশ্যন্তে।

৯. বেদে কতগুলি ছন্দ উল্লিখিত হয়েছে?

উত্তর। বেদে ছাব্বিশটি ছন্দ উল্লিখিত হয়েছে।

१०. साम्प्रतं वेदेषु कति छन्दांसि उल्लिखितानि दृश्यन्ते?

১০. সাম্প্রতং বেদেষু কতি ছন্দাংসি উল্লিখিতানি দৃশ্যন্তে?

उत्तर : साम्प्रतं वेदेषु सप्तछन्दसां प्रयोगः दृश्यते। तानि हि—गायत्री-उष्णिक्-अनुष्टुप्-बृहती-पङ्क्ति-त्रिष्टुप्—जगती इति।

উত্তর। সাম্প্রতং বেদেষু সপ্তছন্দসাং প্রয়োগঃ দৃশ্যতে। তানি হি —গায়ত্রী-উষ্ণিক্-অনুষ্টুপ্-বৃহতী-পঙ্ক্তি-ত্রিষ্টুপ্-জগতী ইতি।

১০. সম্প্রতি বেদে কতগুলি ছন্দের প্রয়োগ দেখা যায়?

উত্তর। বর্তমানে বেদে সাতটি ছন্দের প্রয়োগ দেখা যায়। সেগুলি হল —গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্ক্তি, ত্রিষ্টুপ্ ও জগতী।

११. छन्दः प्राथम्येन कतिविधम्?

১১. ছন্দঃ প্রাথম্যেন কতিবিধম্?

उत्तर: छन्दः प्राथम्येन द्विविधं वैदिकं लौकिकं चेति।

উত্তর। ছন্দঃ প্রাথম্যেন দ্বিবিধং বৈদিকং লৌকিকং চেতি।

১১. ছন্দঃ প্রথমতঃ কতপ্রকার?

উত্তর। প্রাথমিকভাবে ছন্দ দুইপ্রকার—বৈদিক ও লৌকিক।

१२. लौकिकानां छन्दसां प्रवर्तनं कदा प्रभृति सञ्जातम्?

১২. লৌকিকানাং ছন্দসাং প্রবর্তনং কদা প্রভৃতি সঞ্জাতম্?

उत्तर: लौकिकानां छन्दसां प्रवर्तनं वाल्मीकिरचितस्य रामायणस्य कालतः सञ्जातम्।

উত্তর। লৌকিকানাং ছন্দসাং প্রবর্তনং বাল্মীকিরচিতস্য রামায়ণস্য কালতঃ সঞ্জাতম্।

১২. লৌকিক ছন্দগুলির প্রয়োগ কবে থেকে শুরু হয়েছে?

উত্তর। লৌকিক ছন্দগুলির প্রবর্তন হয়েছে বাল্মীকিবিরচিত রামায়ণের সময় থেকে।

Scanned by CamScanner